



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মৎস্য অধিদপ্তর

মৎস্য ভবন, রমনা, ঢাকা

বাস্তবায়ন শাখা

www.fisheries.gov.bd



জরুরি

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.১১২.০১.০৬৭.২২.১৩১

তারিখ: ২৯ ভাদ্র ১৪৩০

১৩ সেপ্টেম্বর ২০২৩

বিষয়: “রাজশাহী বিভাগে মৎস্যসম্পদ উন্নয়ন” শীর্ষক প্রকল্পের আওতায় মৎস্য খামার নিবন্ধন সংক্রান্ত।

সূত্র: প্রকল্প পরিচালকের পত্র নং ৩৩.০২.৮১০০.৯৫০.০২৫.০০১.২১-৪৮৪; তারিখ: ০৫/০৯/২০২৩ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, মৎস্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “রাজশাহী বিভাগে মৎস্যসম্পদ উন্নয়ন” শীর্ষক প্রকল্পটি জানুয়ারি ২০১৯ হতে ডিসেম্বর ২০২৩ খ্রি. মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পের আওতায় ৮টি জেলার ৬৫টি উপজেলায় মাঠ পর্যায়ে মৎস্য খামার নিবন্ধন কার্যক্রম চলমান রয়েছে। প্রকল্প মেয়াদে প্রকল্পের আওতাধীন উপজেলাসমূহের ৩৩ শতাংশ জলায়তনের ওপরে সকল মৎস্য খামার নিবন্ধন/পুনঃনিবন্ধন করা হবে। ইতোমধ্যে খামার নিবন্ধনের লক্ষ্যে ডাটাবেইজ তৈরি করা হয়েছে। ডিপিপি’তে ১ লক্ষ খামার নিবন্ধনের সংস্থান রয়েছে কিন্তু এখন পর্যন্ত মাত্র ১৭,২৮০টি খামার নিবন্ধন সম্পন্ন হয়েছে যা সন্তোষজনক নয়। এ প্রেক্ষিতে প্রকল্পের লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত মাঠ পর্যায়ে চলমান মৎস্য খামার নিবন্ধন কার্যক্রম আরো বেগবান করা প্রয়োজন। প্রকল্পের মেয়াদ ৩১ ডিসেম্বর ২০২৩ সমাপ্ত হবে বিধায় বিনাব্যর্থতায় নির্ধারিত সময়ের মধ্যে অবশিষ্ট খামারের নিবন্ধন কাজ সম্পন্ন করা অতীব জরুরি। খামার নিবন্ধন কার্যক্রম বিলম্বিত হওয়ার কারণে প্রকল্পের লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ হলে এর সম্পূর্ণ দায় দায়িত্ব সংশ্লিষ্ট কর্মকর্তার ওপর বর্তাবে।

এমতাবস্থায়, বর্ণিত প্রকল্পের আওতায় মাঠ পর্যায়ে চলমান মৎস্য খামার নিবন্ধন কার্যক্রম আরো বেগবান এবং নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

১৮-৯-২০২৩

খঃ মাহবুবুল হক

মহাপরিচালক (চলতি দায়িত্ব)

ফোন: ০২-২২৩৩৮২৮৬১

ফ্যাক্স: ৯৫৬৮৩৯৩

ইমেইল: dg@fisheries.gov.bd

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/উপজেলা মৎস্য

কর্মকর্তা

.....।

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.১১২.০১.০৬৭.২২.১৩১/১

তারিখ: ২৯ ভাদ্র ১৪৩০

১৩ সেপ্টেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী

২) প্রকল্প পরিচালক, রাজশাহী বিভাগে মৎস্যসম্পদ উন্নয়ন প্রকল্প, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।

৩) জেলা মৎস্য কর্মকর্তা, মৎস্য অধিদপ্তর, রাজশাহী/নাটোর/নওগাঁ/টাঙ্গাইল/বাবুগঞ্জ/পাবনা/সিরাজগঞ্জ/

জয়পুরহাট/বগুড়া জেলা।

(mmmp)

১৮-৯-২০২৩

মোঃ মোজাম্মেল হক  
উপপ্রধান


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়  
পাবনা।

পত্র নং : ৩৩.০২.৭৬০০.৪০০.৫৪.০৩৯.১৯.৩৮৩

তারিখ : ১৮/০৯/২০২৩ খ্রি.

পত্রের মর্মানুযায়ী দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

- ১। সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা, পাবনা সদর/ঈশ্বরদী/ফরিদপুর/চাটমোহর/আটঘরিয়া/সাঁথিয়া/বেড়া/ভাঙ্গুড়া/সুজানগর, পাবনা।
- ২। দপ্তর নথি।



(মোঃ আবুল কালাম আজাদ)  
জেলা মৎস্য কর্মকর্তা  
পাবনা।

১৮/০৯/২৩